দৈনিক ইনকিলাব

006

তারিখ ... 10 JAN 1988
পৃষ্ঠা ... 1 কলাম ... 5 ...

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলো আজ খুলছে

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

সরকারী নির্দেশে ৪৪ দিন বন্ধ থাকার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ আজ খুলছে। বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলছে

॥ স্টাফ রিপোর্টার ॥

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আজ খুলছে। ৫ ডিসেম্বর বন্ধ হওয়ার পর ৩৫ দিন বিশ্ববিদ্যালয়ের ক্লাস বন্ধ ছিল। বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ গতকাল খুলে দেয়া হলেও ছাত্র-ছাত্রীর উপস্থিতি

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জন্য বিভিন্ন মহলের আহবান

॥ চট্টগ্রাম ব্যুরো ॥

৯ জানুয়ারী।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বিরাজমান সমস্যা সমাধানপূর্বক অতিসত্তর বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার জন্য চট্টগ্রামের বিভিন্ন মহল থেকে জোর দাবী জানানো হয়েছে। এ সম্পকিত বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের মত সর্বোচ্চ বিদ্যাপীঠে এ

শেষ পৃঃ ৬-এর কঃ দেখুন

## ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

হবে আগামী ১৬ জানুয়ারী থেকে। ইতিমধ্যে হলে ফিরে আসার জন্য বিশ্ববিদ্যালয়ের বহু ছাত্র-ছাত্রী শহরের বিভিন্ন স্থানে তাদের স্বজন-পরিজনদের বাসায় এসে উঠেছেন। উল্লেখ্য, সরকার গত ২৭ নভেম্বর থেকে দেশের সকল বিশ্ববিদ্যালয় ও ছাত্র-ছাত্রীদের আবাসিক হলসমূহ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছিলেন। ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আবাসিক হল খুলবে আগামী ১৪ জানুয়ারী এবং ক্লাস শুরু হবে ১৬ জানুয়ারী। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়েরও হলগুলো খুলবে ১৪ জানুয়ারী এবং ক্লাস শুরু হবে ১৬ জানুয়ারী থেকে।

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

ধরনের সন্ত্রাস ও অস্ত্রের ঝন-ঝনানী দেশ ও জাতির জন্য খুবই দুঃখজনক বলে উল্লেখ করা হয়। বিবৃতিদাতারা হচ্ছেন, যথাক্রমে বিএনপি চট্টগ্রাম মহানগর শাখার প্রতিষ্ঠাতা সভাপতি জনাব মোহাম্মদ সলিম উল্লাহ, চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির ৪৭ জন এডভোকেট, পেশাজীবী সমন্বয় পরিষদ চট্টগ্রাম, বাংলাদেশ শিক্ষক সমিতি চট্টগ্রাম সদর জেলা শাখা, চট্টগ্রাম কলেজ ছাত্র সংসদ ও হাজী মোহাম্মদ মহসীন সরকারী কলেজ ছাত্র সংসদ।

অপরদিকে বিশ্ববিদ্যালয় থেকে সশস্ত্র দুষ্কৃতকারীদের গ্রেফতার না করায় এবং সিণ্ডিকেটের দীর্ঘসূত্রিতার প্রতিবাদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ ছাত্র আন্দোলন পরিষদ আজ শহরে এক বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে স্টেশন রোডস্থ বিআরটিসি বাসস্ট্যাণ্ডে আয়োজিত এক প্রতিবাদ সভায় বক্তারা দীর্ঘসূত্রিতা পরিহার করে সশস্ত্র গুণ্ডাদের বহিষ্কার করার জন্য কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছেন।

বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম মহানগরী উত্তর ও দক্ষিণ (সাংগঠনিক) জেলার সভাপতি ও সাধারণ সম্পাদক এক যুক্ত বিবৃতিতে দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ আন্দোলন গড়ে তোলার জন্য ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের প্রতি আহবান জানিয়েছেন।

### ধর্মঘট আহবান

আগামীকাল চট্টগ্রামের সকল কলেজে ছাত্র ধর্মঘট আহবান করা হয়েছে। আজ (শনিবার) বাংলাদেশ ইসলামী ছাত্র শিবিরের সদস্য বৈঠকে এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## জাঃ বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

৫ শতাংশেরও কম বলে জানা গেছে। এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর জনাব এ এফ এম কামাল উদ্দীনের কুলখানি গতকাল তাঁর বাসভবনে অনুষ্ঠিত হয়েছে। আজ সকালে আমতলায় বিশ্ববিদ্যালয়ে ছাত্র-শিক্ষক-কর্মচারীর যৌথ শোকসভা অনুষ্ঠিত হবে।